



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
পল্লী উন্নয়ন একাডেমি  
রংপুর

www.rda.rangpur.gov.bd

স্মারক নং- ৪৭.৭২.৮৫৯২.০০২.২৫.০০২.২৪-২৫২

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: “ফ্রিল্যান্সিং” বিষয়ে ০৬ (ছয়) দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ।**

পল্লী উন্নয়ন একাডেমি (RDA), রংপুর-এর উদ্যোগে দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে শিক্ষিত বেকার যুবক ও নারীদের জন্য ০৬ (ছয়) দিন ব্যাপী এক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**প্রশিক্ষণ সংক্রান্ত বিস্তারিত তথ্য:**


- কোর্সের নাম: ফ্রিল্যান্সিং
- মেয়াদ: ১৬.০৪.২০২৬ হতে ২১.০৪.২০২৬ পর্যন্ত (মোট ০৬ দিন)।
- সময়: প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত।
- স্থান: পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর।
- আসন সংখ্যা: ২০ জন (সীমিত আসন)।
- শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচএসসি (HSC) বা সমমান পাস। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- ভর্তি ফি: কোন ফি'র প্রয়োজন হবে না।
- আবাসিক সুবিধা: দূর থেকে আসা প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে একাডেমিতে আবাসিক সুবিধা আছে।
- বয়স: ১৮ থেকে ৩৫ বছর, **প্রযোজ্য এলাকা:** রংপুর বিভাগ।
- সনদ: প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হবে।

০১। **আবেদন প্রক্রিয়া:** আগ্রহী প্রার্থীগণকে একাডেমির ওয়েবসাইট [rda.rangpur.gov.bd](http://rda.rangpur.gov.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করে পূরণকৃত আবেদনে ছবি যুক্ত করে স্ক্যানকৃত আবেদন আগামী ২৪.০৩.২০২৬ তারিখের মধ্যে [training.rrda.gov.bd@gmail.com](mailto:training.rrda.gov.bd@gmail.com) এই ই-মেইলে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। আবেদনে হোয়াটসঅ্যাপ নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

০২। **বাছাই প্রক্রিয়া:** ব্যবহারিক/মৌখিক পরীক্ষার মাধ্যমে চূড়ান্ত প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। নির্বাচিতদের তালিকা একাডেমির নোটিশ বোর্ড/আবেদনকারীর হোয়াটসঅ্যাপ এবং একাডেমির ওয়েবসাইটে জানানো হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদেরকে ১ কপি পাসপোর্ট কালার ছবি, এইচ এস সি পাসের সনদের ফটোকপি ও এনআইডি/জন্ম সনদের ফটোকপি জমা প্রদান করতে হবে।

০৩। এই প্রশিক্ষণে ভর্তির জন্য কোন প্রকার ফি প্রয়োজন হবে না। অধিকতর প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ চলাকালীন দুপুরের খাবার পাবেন।

০৪। কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২২/০৩/২০২৬

(মোঃ জাহেদুল হক চৌধুরী)

পরিচালক (উপসচিব)

পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর

মোবাইল: ০১৭১২-০৭৩০৭২